

# তেজগাঁও পলিটেকনিকে ছাত্রদলের দখল-পাল্টা দখল : বোমাবাজি

## যুগান্তর রিপোর্ট

তেজগাঁও পলিটেকনিক ইনস্টিটিউট গতকাল ছাত্রদলের এক গ্রুপ তাদের অপর গ্রুপকে হটিয়ে দখল করে নিয়েছে। দখল ও পাল্টা দখলের ঘটনাকে কেন্দ্র করে ধাওয়া-পাল্টা ধাওয়া ও বোমাবাজির ঘটনায় ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ে। এ আতঙ্কজনক পরিস্থিতির কারণে গতকাল নির্ধারিত বিভিন্ন বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হতে পারেনি।

দখলকারীরা পলিটেকনিক ইনস্টিটিউটের লক্ষিত ছাত্রাবাস থেকে প্রতিপক্ষ গ্রুপের সদস্যদের মারধর করে বের করে নিয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, বিএনপি সরকার ক্ষমতায় আসার পরপরই আরসি বাবু, সালেমান গ্রুপ জাতীয় নেতাকর্মীদের বের করে নিয়ে ছাত্রাবাস দখল করে নেয়। এর মাসখানেক পর ছাত্রদলের মামুন, গিটু মাসুদ গ্রুপ ছাত্রদলের অপর গ্রুপ আরসি বাবু ও সালেমান গ্রুপকে হটিয়ে ছাত্রাবাস পাল্টা দখলে নেয়। এতদিন মামুন, গিটু মাসুদ গ্রুপই ক্যাম্পাস ও ছাত্রাবাসের দখলে ছিল। আট-দশ বছর আগে পলিটেকনিক থেকে বহিষ্কৃত কয়েকজন ছাত্রদল নেতা এলাকায় ঘিরে আসে। তারা আরসি বাবু গ্রুপের কাভারদের সঙ্গে নিয়ে ক্যাম্পাসে যায়। বহিষ্কৃত ছাত্ররা পুনরায় তাদের ভর্তি করার দাবি জানায়। এ নিয়ে তারা কর্তৃপক্ষকে চাপও দেয়। গতকাল সকালে বহিষ্কৃত কয়েকজন ছাত্র ও আরসি বাবুর কাভাররা প্রতিপক্ষ মামুন গ্রুপকে হটিয়ে ক্যাম্পাস ও ছাত্রাবাস দখল করে নেয়।

সূত্র জানায়, সম্প্রতি পলিটেকনিক ইনস্টিটিউটে প্রচুর উন্নয়ন কাজ হচ্ছে। এর চাঁদাবাজি ও টেডার নিয়ে ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে বিরোধ আরও প্রকট আকার ধারণ করে। এর মধ্যে গত সপ্তাহে গিটু মাসুদকে পুলিশ গ্রেফতার করে। গিটু মাসুদ গ্রেফতার হওয়ার মামুন গ্রুপ দুর্বল হয়ে পড়ে। এ সুযোগে আরসি বাবু ক্যাম্পাস দখল করে। তেজগাঁও থানা পুলিশ জানায়, পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য পলিটেকনিক ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।